দৈনিক জনকণ্ঠ

তারিখ 14 APR 2016
পৃষ্ঠা ২৪ কলাম ১

# ইউজিসি চেয়ারম্যানের সঙ্গে অস্ট্রেলিয়ান প্রতিনিধি দলের সাক্ষাত

অস্ট্রেলিয়ান হাইকমিশনের চার সদস্যের একটি প্রতিনিধি দল মঙ্গলবার ইউজিসি চেয়ারম্যান প্রফেসর আবদুল মান্নানের সঙ্গে তার দফতরে সৌজন্য সাক্ষাত করেন। প্রতিনিধি দলের নেতৃত্ব দেন বেন স্লাকের কেলি, ফার্স্ট সেক্রেটারি (এডুকেশন এ্যান্ড রিসার্চ), অস্ট্রেলিয়ান হাইকমিশন, নয়াদিল্লী, ইন্ডিয়া। প্রতিনিধি দলের অন্য সদস্যরা হলেন- ফেডেরিক জেনজেন, সেকেন্ড সেক্রেটারি, ডিপার্টমেন্ট অব ফরেন এ্যাফেয়ার্স এ্যান্ড ট্রেড, অস্ট্রেলিয়ান হাইকমিশন, ঢাকা, সাজিয়া নকভি, এ্যাডভাইজার (এডুকেশন এ্যান্ড রিসার্চ), অস্ট্রেলিয়ান হাইকমিশন, নয়াদিল্লী, ইন্ডিয়া এবং মোস্তাফিজুর রহমান, বিজনেস ডেভেলপমেন্ট ম্যানেজার, অস্ট্রেলিয়ান ট্রেড কমিশন, অস্ট্রেলিয়ান হাইকমিশন, ঢাকা।

সাক্ষাতকালে তারা বলেন, উচ্চশিক্ষার উন্নয়ন এবং আন্তর্জাতিকীকরণের জন্য বাংলাদেশ ও অস্ট্রেলিয়ার উচ্চশিক্ষা প্রতিষ্ঠানের মধ্যে শিক্ষা ও গবেষণা সহযোগিতা আরও বেশি জোরদার করতে হবে।

ইউজিসি সদস্য প্রফেসর ড. মোহাম্মদ ইউসুফ আলী মোল্লা, প্রফেসর ড. দিল আফরোজা বেগম, প্রফেসর ড. মোঃ আখতার হোসেন এবং ইউজিসি সচিব ড. মোঃ খালেদ এ সময় উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি